অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/10/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ক্রোটন-অন-হাডসনে মেট্রো-নর্থ রেলরোডের রক্ষণাবেক্ষণ এবং কর্মকাণ্ডের কেন্দ্রের উন্নয়নের মেগা প্রকল্পের কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন

একাধিক বছরের প্রকল্পটি মেরামতের আধুনিকায়ন করে এবং শপসকে সমর্থন করে, যার ফলে মেট্রো-নর্থ সময়মতো সেবাদানের ঐতিহাসিক গতি অব্যাহত রাখতে পারবে

রেলরোডের 41 বছরের ইতিহাসে সময়মতো সেবাদানের সেরা মাসের পর প্রকল্পের কাজ শেষ হওয়ার ঘোষণা করা হলো

হারমোন শপের ভিডিও [এখানে](#) উপলভ্য আছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্কের ক্রোটন-অন-হাডসনের মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA) মেট্রো-নর্থ রেলরোডের (Metro-North Railroad) অত্যাবশ্যকীয় রক্ষণাবেক্ষণ এবং কর্মকাণ্ড কেন্দ্রের উন্নয়নের কাজ শেষ হয়েছে এখানে 1,200 মানুষ চাকরি করে। হারমোন শপ হিসেবে পরিচিত নতুন এই 400,000 বর্গফুট ফ্যাসিলিটির উদ্বোধনের ফলে মেট্রো-নর্থ এর ট্রেনের নির্ভরযোগ্যতা বজায় রাখতে পারবে এবং আগামী বহু দশক ধরে এর কর্মকাণ্ডের জন্য রক্ষণাবেক্ষণ চাহিদা পূরণ করতে পারবে।

"আজকের ঘোষণা হলো আমাদের পরিবহন ব্যবস্থাকে নিরাপদ, কার্যকর এবং যাত্রীবান্ধব করে রাখা নিশ্চিত করতে আমাদের প্রতিশ্রুতির অনুবর্তী," **গভর্নর হোকল বলেন।** "এই উন্নয়নকাজ গুলি হলো জনগণের জন্য নির্ভরযোগ্যভাবে সক্রিয় রাখতে রেলরোডে করা বিনিয়োগ, এর ফলে ট্রেন সময়মতো আসবে এবং যাত্রা করতে ইচ্ছুক সকল যাত্রীকে বহন করার জন্য পর্যাপ্ত বগি নিয়ে আসবে।"

স্টেট সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "মেট্রো নর্থ রেলরোড যাতে আমাদের নাগরিকদের নির্ভরযোগ্য সেবাদান করতে পারে তা নিশ্চিত করতে ক্রোটন-হারমোন ইয়ার্ড একটি কেন্দ্রীয় ভূমিকা পালন করে এবং এই ব্যস্ত কেন্দ্রে অত্যাবশ্যকীয় উন্নয়নকাজ শেষ হওয়া এবং MTA যাতে মেট্রো নর্থ ট্রেন ফ্লিটের বর্তমান ও ভবিষ্যতের রক্ষণাবেক্ষণ চাহিদা পূরণ করতে পারে তা নিশ্চিত করার অত্যাধুনিক ফ্যাসিলিটি হারমোন শপের উদ্বোধন নিশ্চিত করার জন্য MTA ক্যাপিটাল কর্মসূচির (MTA Capital Program) জন্য অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগ নিশ্চিত করতে পেরে আমি গর্বিত।"

স্টেট এবং ফেডারেল অর্থায়নপ্রাপ্ত এই প্রকল্পটি রেলরোডের কর্মকাণ্ডের কেন্দ্রকে আধুনিকায়িত করে। 1983 সালে যখন মেট্রো-নর্থ এর পূর্বসূরিদের থেকে এই সাইটটি উত্তরাধিকার সূত্রে পায়, তখন তাৎক্ষণিকভাবে এটি উপলব্ধি করা হয় যে রেলরোডের রেলের বগি ও লোকোমোটিভ বজায় রাখার জন্য প্রয়োজনীয় কর্মীকে স্থান দিতে এটি পর্যাপ্ত নয়। MTA 1990 দশকের শেষের দিকে উন্নয়নকাজের জন্য ক্যাপিটাল তহবিল সনাক্ত করে এবং এইসব প্রয়োজনীয় উন্নয়ন কাজ করতে 2001 সাল থেকে কাজ চলছে।

প্রকল্পের চূড়ান্ত পর্যায়ে রয়েছে একটি সম্পূর্ণ নতুন ফ্যাসিলিটি নির্মাণ যেখানে মেরামত ও সাপোর্ট শপ থাকবে। অত্যাধুনিক ফ্যাসিলিটিটি মেট্রো-নর্থকে এর নির্ভরযোগ্যতা কেন্দ্রিক রক্ষণাবেক্ষণ (Reliability Centered Maintenance) কর্মসূচি সম্পাদন করতে দেয় এবং সম্পূর্ণ বৈদ্যুতিক ফ্লিটে অপরিকল্পিত মেরামত কাজের দায়িত্ব করে। ফ্যাসিলিটিতে এক ডজন বগি উত্তোলনকারী, চারটি পেডেস্টাল ট্র্যাক, এবং একাধিক দরজার পর্যায়ে এবং ছাদের পর্যায়ের প্ল্যাটফর্ম রয়েছে যা প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণে সাহায্য করবে। দ্বিতীয় তলা নকশা করা হয়েছে তিনটি ভবনের প্রতিটিকে সংযুক্ত করা একটি সার্ভিস করিডোর সংযোজনের মাধ্যমে নতুন ইলেকট্রিক শপ এবং সংলগ্ন সাপোর্ট শপ এবং কনসিস্ট রক্ষণাবেক্ষণ শপের মধ্যে পার্টস বিতরণ সরলীকৃত করার জন্য।

100 বছরের বেশি সময় ধরে হারমোন ইয়ার্ড (Harmon Yard) রেলরোডের দৈনন্দিন কর্মকাণ্ডে একটি অত্যাবশ্যকীয় ভূমিকা পালন করেছে।মেট্রো-নর্থের দূরদৃষ্টি এবং নিরলস পরিকল্পনা, নকশা এবং নির্মাণের মাধ্যমে প্রকল্পটির কাজ 23 বছরের বেশি সময়ে পাঁচটি পর্যায়ে শেষ হয়েছে:

পর্যায় 1: কর্মীরা একটি সার্ভিস ট্র্যাক, একটি নতুন কর্মচারীদের ওভারপাস নির্মাণ করেছে এবং ইয়ার্ডে অলস ইঞ্জিন উল্লেখযোগ্যভাবে হ্রাস করতে ইয়ার্ডে ওয়েসাইড পাওয়ার প্রদান করেছে, আশেপাশের এলাকায় কোলাহল হ্রাস করেছে এবং জীবাশ্ম জ্বালানির নিঃসরণ হ্রাস করেছে।

পর্যায় 2: কর্মীরা যোগাযোগ এবং পথের রক্ষণাবেক্ষণ (Communication & Maintenance of Way) ভবনসমূহ নির্মাণ করেছে এবং উপাদান বিতরণ কেন্দ্রের (Material Distribution Center) পরিবর্তন করেছে।

পর্যায় 3: কর্মীরা একটি নতুন কোচ শপ এবং নতুন লোকোমোটিভ শপ এবং সেই সাথে একটি নতুন হুইল ট্রু ফ্যাসিলিটি নির্মাণ করেছে যেখানে মেট্রো-নর্থের M-7 স্বচালিত বৈদ্যুতিক রেলকার ফ্লিট, এবং ভবিষ্যৎ ফ্লিট রক্ষণাবেক্ষণ করার জন্য নকশা করা একটি ট্যান্ডেম আন্ডারফ্লোর হুইল ল্যাথ রয়েছে।

পর্যায় 4: শপের স্থান প্রদানের জন্য, বিশেষ করে নির্মাণ কাজের সময় সক্রিয় থাকা ভবনের পশ্চিম অংশে একাধিক উদ্দেশ্যে ব্যবহৃত ভবনে অগ্রাধিকার ভিত্তিতে মেরামত করা হয়েছে, এবং একই সাথে নর্থ ইয়ার্ডে একটি নতুন হুইল স্টোরেজ ক্যানোপি নির্মাণ করা হয়েছে।

পর্যায় 5: দুইটি ধাপে একাধিক উদ্দেশ্যে ব্যবহৃত ভবনকে সম্পূর্ণ প্রতিস্থাপিত করা হয়েছে। প্রথম ধাপে একটি নতুন দ্বিমুখী কনসিস্ট শপ নির্মাণ করা হয়েছে যেখানে দশটি বগি লম্বা দুইটি ট্র্যাক রয়েছে। দ্বিতীয় ধাপে রয়েছে EMU রানিং রিপেয়ার এবং সাপোর্ট শপের নির্মাণ।

MTA প্রধান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার বলেন, "মেট্রো-নর্থ সেবা এর থেকে ভালো আরো কখনোই ছিলো না, এই বছর এখন পর্যন্ত শতকরা 99 ভাগ সময়মতো সেবাদান করা হয়েছে। এর একটি বড় কারণ হলো হারমোন শপে আমাদের বগির ফ্লিটকে রক্ষণাবেক্ষণ এবং মেরামত করা, এটি অনন্য একটি বিশ্বমানের ফ্যাসিলিটি।"

MTA মেট্রো নর্থ রেলরোডের প্রেসিডেন্ট ক্যাথেরিন রিনাল্ডি বলেন, "হারমোন ইয়ার্ড হলো মেট্রো-নর্থের কর্মকাণ্ডের কেন্দ্রবিন্দু, এবং এই প্রকল্পের কাজ শেষ হওয়ার জন্য আরো ভালো সময় হতে পারতো না। মেট্রো-নর্থ বর্তমানে একটি দুর্দান্ত ধারার মধ্যে রয়েছে, পর পর চারবছর ধরে সময়মতো সেবাদান করার হার শতকরা 97 ভাগ। এখন, একটি সম্পূর্ণ হারমোন ইয়ার্ড নিয়ে রেলরোডটি কয়েক হাজার প্রতিদিনের যাত্রীকে অসাধারণ সেবা প্রদান করা অব্যাহত রাখতে পারবে।"

MTA নির্মাণ ও বিকাশের (MTA Construction & Development) প্রেসিডেন্ট জেমি টোরেস-স্প্রিঙ্গার বলেন, "একটি শতাব্দী পুরোনো ব্যবস্থাকে আধুনিক যুগে নিয়ে আসার জন্য যে ধরনের দীর্ঘমেয়াদি বিনিয়োগ প্রয়োজন, এটি তাই। টেকসই ক্যাপিটাল বিনিয়োগের কারণে মেট্রো-নর্থের যাত্রীরা আগামী বহু দশক ধরে উপকৃত হবে।"

অ্যাসেম্বলি সদস্য এমি পলিন বলেন, "নতুন ক্রোটন-হারমোন রক্ষণাবেক্ষণ এবং কর্মকাণ্ড কেন্দ্রের কাজ শেষ হওয়া ও উদ্বোধনের জন্য মেট্রো-নর্থ রেলরোডকে অনেক অভিনন্দন। শহরে যাওয়া আসা করার জন্য গণপরিবহন হলো নিউ ইয়র্কের সাবার্বে আমরা যেই জীবনযাত্রার মান উপভোগ করি তার চাবিকাঠি। এটি এবং মেট্রো-নর্থ আরো বহু যেসকল উন্নয়ন কাজ করছে তার দ্বারা আমার জেলার বাসিন্দা এবং সকল যাত্রীরা উপকৃত হচ্ছে। ট্রেনগুলিকে ভালো অবস্থায় এবং সময়মতো চালানোর জন্য ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য ডানা লেভেনবার্গ বলেন, "আমার জেলায় এই মুখ্য অবকাঠামোর উন্নয়ন কাজ শেষ হওয়া একটি অত্যন্ত সুসংবাদ। মেট্রো-নর্থ যখন সময়মতো সেবাদানের রেকর্ড করে যাচ্ছে তখন এই উন্নয়নগুলি আমাদের ট্রেন সেবাকে সঠিক দিকে সচল রাখবে। ট্রেন সেবা এবং কর্মকাণ্ডের নির্ভরযোগ্যতা উন্নত করা ছাড়াও, এটি এলাকার একটি বলিষ্ঠ চাকরিদাতা হিসেবে হারমোন ইয়ার্ডের টিকে থাকা নিশ্চিত করবে। এই প্রকল্পকে সমর্থন করা ফেডারেল এবং স্টেট তহবিলের জন্য আমি অনেক কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি সদস্য কেন জেব্রোস্কি বলেন, "ক্রোটন-হারমোন ইয়ার্ড হলো একটি অতি গুরুত্বপূর্ণ ফ্যাসিলিটি যা ট্রেনসমূহকে সচল রাখতে এবং নিউ ইয়র্কবাসীকে চলমান রাখতে গুরুত্বপূর্ণ কাজ করে। এই উন্নয়নকাজগুলি নিশ্চিত করবে যে সেই কঠিন কাজ অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম ও অবকাঠামো এই ইয়ার্ডটির রয়েছে। আজকে এইসব উন্নয়ন কাজ শেষ হতে দেখে আমি খুশি এবং আমাদের পরিবহন ব্যবস্থায় এগুলি কী মূল্য যোগ করে তা দেখার জন্য আমি উন্মুখ।"

ওয়েস্টচেস্টার কাউন্টি নির্বাহী জর্জ ল্যাটিমার বলেন, "হারমোন শপ উদযাপন করার মাধ্যমে আমরা শুধু একটি ফ্যাসিলিটির সম্প্রসারণ দেখছি না; বরং আমরা অসাধারণত্ব এবং নির্ভরযোগ্যতার প্রতি মেট্রো-নর্থের প্রতিশ্রুতিকে পাকাপোক্ত হতে দেখছি। প্রতিদিন মেট্রো-নর্থের উপর নির্ভর করা যাত্রীদের জন্য নিরাপদ, কার্যকর এবং নির্ভরযোগ্য পরিবহন প্রদান করতে গভর্নরের নিবেদনের জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন